রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মে ১৩, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক শাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৯ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ/ ১২ মে ২০২৫ খ্রিষ্টাব্দ

নম্বর- ০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.২৫.৯৭—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **'কোরবানি সম্পর্কিত বিষয়াদির সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিতকরণ কমিটি'** নিম্নরূপে পুনর্গঠন করেছে:

২। **কমিটির গঠন :**

| | | | |
|---|---|---|---|
| (১) | উপদেষ্টা, বাণিজ্য মন্ত্রণালয় | : | আহ্বায়ক |
| (২) | উপদেষ্টা, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | : | সদস্য |
| (৩) | উপদেষ্টা, শিল্প মন্ত্রণালয় | : | সদস্য |
| (৪) | উপদেষ্টা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় | : | সদস্য |
| (৫) | উপদেষ্টা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | : | সদস্য |
| (৬) | উপদেষ্টা, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | : | সদস্য |
| (৭) | উপদেষ্টা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | : | সদস্য |
| (৮) | উপদেষ্টা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | : | সদস্য |
| (৯) | উপদেষ্টা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | : | সদস্য |
| (১০) | জনাব খোদা বকশ চৌধুরী<br>প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | : | সদস্য |



মূল্য : টাকা ৪.০০

| | | | |
|---|---|---|---|
| (১১) | জনাব চৌধুরী আশিক মাহমুদ বিন হারুন<br>প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) ও এক্সিকিউটিভ চেয়ারম্যান, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) | : | সদস্য |
| (১২) | প্রধান উপদেষ্টার প্রেস সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয় | : | সদস্য |
| (১৩) | সচিব, শিল্প মন্ত্রণালয় | : | সদস্য |
| (১৪) | সচিব, বাণিজ্য মন্ত্রণালয় | : | সদস্য-সচিব |
| (১৫) | এনজিও প্রতিনিধি (সরকার কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| (১৬) | ধর্মীয় প্রতিষ্ঠানের প্রতিনিধি (সরকার কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| (১৭) | বেসরকারি প্রতিনিধি (সরকার কর্তৃক মনোনীত) | : | সদস্য। |

২.১। এ কমিটিতে ‘সচিব’ বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

২.২। **কমিটির কার্যপরিধি :**

১) সঠিকভাবে চামড়া সংগ্রহ ও সংরক্ষণ এবং এতদার্থে পর্যাপ্ত লবণের সরবরাহ নিশ্চিত করার প্রক্রিয়া নির্ধারণ;

২) চামড়ার উপযুক্ত মূল্য নিশ্চিত করা এবং কোরবানির সাথে সম্পর্কিত বিষয়াদির সুষ্ঠু ও দক্ষ ব্যবস্থাপনা নিশ্চিত করা;

৩) চামড়ার বিক্রয়লব্ধ অর্থ প্রাপ্তির ক্ষেত্রে ধর্মীয় প্রতিষ্ঠানগুলির স্বার্থ সুরক্ষার লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান;

৪) কোরবানির হাট, পশু পরিবহন এবং পরিবহনের সময় নিষ্ঠুরতা প্রতিরোধের বিষয়ে নির্দেশনা জারি; এবং

৫) চামড়া শিল্প নগরী, সাভারসহ সারা দেশে দ্রুত ও যথাযথভাবে বর্জ্য ব্যবস্থাপনার জন্য কর্মপরিকল্পনা প্রণয়ন।

২.৩। বাণিজ্য মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

২.৪। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

২.৫। কমিটির সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

৩। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোহাম্মদ খালেদ রহীম)
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ৯৫১১০৩৬
e-mail: addl_ce@cabinet.gov.bd

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd